



## উপজেলা পরিক্রমা আত্রাই

আত্রাই (নওগাঁ), ৩ এপ্রিল (সংবাদদাতা)।— নওগাঁ জেলার ১১টি উপজেলার মধ্যে আত্রাই একটি অবহেলিত উপজেলার নাম। পৌরাণিক নদী আত্রাইয়ের তীরে আত্রাই উপজেলা সদরে অবস্থিত। ১৯৮৩ সালে "আত্রাই" থানা থেকে উপজেলায় উন্নীত হয়। ১৫৭ বর্গকিলোমিটার আয়তন বিশিষ্ট এ উপজেলার ৮টি ইউনিয়নে ২০৭টি গ্রামে প্রায় ২ লাখ নারী-পুরুষের সময়ে এই উপজেলা গঠিত।

### কৃষি

এই উপজেলায় শতকরা ৮৭ জন লোক কৃষিজীবী। উপজেলার মোট ভূমির পরিমাণ ৬৪,৫৪০ একর। আবাদী জমি ৫৪,৪৬৮ একর। আবাদযোগ্য পতিত জমি ১১৭ একর। অনাবাদী জমি ৯,৪৭৩ একর। সেচের জন্য গভীর নলকূপ নেই। ৫৬২টি অগভীর নলকূপ, ৪৬৪টি পাওয়ার পাম্প রয়েছে। তার মধ্যে মাত্র ২টি পাওয়ার পাম্প বিদ্যুতায়িত। উল্লেখ্য, বর্তমানে সেচের আওতায় জমির পরিমাণ ২৩ হাজার একর। সবগুলো পাওয়ার পাম্পকে বিদ্যুতায়িত করা হলে আরও ৫ হাজার একর জমি সেচের আওতায় আসবে।

### যোগাযোগ

এই উপজেলার রাস্তার পরিমাণ ৭৬ কিলোমিটার। নওগাঁ জেলা সদর থেকে

আত্রাই উপজেলার দূরত্ব ১৯ কিলোমিটার। এই উপজেলার প্রত্যেকটি ইউনিয়ন থেকে উপজেলা সদরের দূরত্ব গড়ে ১৫ কিলোমিটার। বর্ষা মওসুমে উপজেলার বেশীর ভাগ রাস্তা-ঘাট ডুবে যাওয়ার ফলে উপজেলা সদরের সাথে গ্রামবাসীর যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। উল্লেখ্য, কর্তৃপক্ষের দৃষ্টি না থাকায় উপজেলা সদর রাস্তাটিও আত্রাই নদীগর্বে বিলীন হবার পথে।

### শিক্ষা

আত্রাই উপজেলায় শতকরা শিক্ষার হার ২০. দশমিক ৩৯ জন। মহাবিদ্যালয় ১টি, উচ্চ বিদ্যালয় ১৩টি, বালিকা বিদ্যালয় ১টি, জুনিয়র বিদ্যালয় ৪টি, সরকারী প্রাথমিক বিদ্যালয় ৬৭টি এবং বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ১৬টি। মাদ্রাসা কয়েকটি আছে সবগুলোই দৈনন্দিনশায়ে রয়েছে। উল্লেখ্য, অত্র উপজেলার পাঁচপু প্রাথমিক বেসরকারী বিদ্যালয়টি একশত বছর যাবত গ্রামবাসীর সহযোগিতায় টিকে আছে। বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টিকে সরকারীকরণ করা না হলে শতাব্দীর সাক্ষরটি আর রক্ষা করা সম্ভব হবে না।

### চিকিৎসা

৩১ শয্যা বিশিষ্ট ১টি হাসপাতালে সিন্টের অভাবে রোগীদের মোক্কেতে রাখা হয়। গ্রামে মেশিন, রাড, ব্যাংক এবং অক্সিজেনের কোন ব্যবস্থা নেই।